দৈনিক
ইত্তেফাক

তারিখ 10 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

# চন্দনাইশে ২ বছর উপবৃত্তি পাচ্ছে না শিক্ষার্থীরা

■ চন্দনাইশ (চট্টগ্রাম) সংবাদদাতা

চট্টগ্রামের চন্দনাইশ উপজেলায় ২ বছর ধরে উপবৃত্তির টাকা পাচ্ছে না মাধ্যমিক ও মাদ্রাসায় পড়ুয়া শিক্ষার্থীরা। সরকার শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষার হার বৃদ্ধি এবং নিরক্ষরতা দূরীকরণের লক্ষে মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসার ৬ষ্ট শ্রেণি হতে ১০ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের মধ্যে শ্রেণি ভিত্তিক উপবৃত্তি ও টিউশন ফি ভাতা দিয়ে আসছে সরকার। চন্দনাইশ উপজেলায় ২৮টি মাধ্যমিক বিদ্যালয় ও ১৬টি মাদ্রাসার মোট-৫ হাজার ৭শত ৭২ জন শিক্ষার্থীর জন্য ৩৯ লক্ষ ৪৮ হাজার টাকা উপবৃত্তি দেয়া হতো।

এ টাকা দিয়ে শিক্ষার্থীরা তাদের প্রয়োজনীয় শিক্ষার উপকরণ ক্রয় করতো। ফলে অভিভাবকদের উপর তেমন কোনো একটা বাড়তি চাপ পড়তো না। কিন্তু হঠাৎ করে ২০১৪ সালের জুলাই মাস হতে এ উপবৃত্তির টাকা কোনো অদৃশ্য কারণে বন্ধ হয়ে যায়।

এতে শিক্ষার্থী এবং অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। চন্দনাইশ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আবু কাউসার জানান, সরকার সরাসরি শিক্ষার্থীদের হাতে দ্রুত টাকা পৌঁছে দেয়ার জন্য ডাচ্ বাংলা ব্যাংককে অনুমতি দিয়ে শিক্ষার্থীদেরকে সঞ্চয়ী হিসাব খোলার কথা বলায় হিসাব খুললেও এখনো কোনো উপবৃত্তির টাকা পায়নি। আশা করি খুব শীঘ্রই এক সাথে সব টাকা পাওয়া যাবে।